

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

www.caab.gov.bd

বিষয় : বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এয়ার কমডোর সাদিকুর রহমান চৌধুরী, জিইউপি, এনডিসি, পিএসসি
চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
তারিখ : ২৭-০৬-২০২২, সময়: ০৩:০০ ঘটিকা।
স্থান : সদর দপ্তর, সম্মেলন কক্ষ।
উপস্থিত তালিকা : পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধে পরিচালক (প্রশাসন) সভায় আলোচ্য বিষয় উপস্থাপন করেন। পরিচালক (প্রশাসন) জানান যে, জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার ও প্রণোদনা প্রদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের ছক মোতাবেক কর্তৃপক্ষের সকল সদস্য/প্রধান প্রকৌশলীকে ৯ম হতে ২য় গ্রেডভুক্ত ৩ জন কর্মকর্তা, ১৬শ হতে ১০ম গ্রেডভুক্ত ৩ জন কর্মচারী এবং ২০ হতে ১৭শ গ্রেডভুক্ত ৩ জন কর্মচারির নাম মনোনয়নের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ১৭ জন কর্মকর্তা ও ২৯ জন কর্মচারির তালিকা পাওয়া যায়। সভায় প্রাপ্ত মনোনয়নের তালিকা বিশদ পর্যালোচনা করা হয়। সার্বিক আলোচনায় বেবিচ কর্তৃপক্ষের ১ জন কর্মকর্তা এবং ২ জন কর্মচারীকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

সুপারিশ:

(ক) প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদ্বয়কে শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়:

ক্রমিক নং	নাম ও পদবী	ক্যাটাগরি	কর্মস্থল
০১	জনাব মোঃ হাফিজ আহমেদ উপ-পরিচালক (এটিএম) [পরিচালক (রুটিন দায়িত্ব)]	২য় হতে ৯ম গ্রেড	ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট
০২	জনাব সুস্মিতা দেব রায় হিসাব রক্ষক	১০ম হতে ১৬শ গ্রেড	সদর দপ্তর, অর্থ ও হিসাব বিভাগ
০৩	জনাব বাবুল হোসেন অফিস সহায়ক	১৭শ হতে ২০শ গ্রেড	সদর দপ্তর, প্রশাসন বিভাগ

(খ) সুপারিশকৃত কর্মকর্তা/কর্মচারীদ্বয় এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থসহ একটি সম্মাননা সনদ ও ফ্রেস্ট পুরস্কার হিসেবে পাবেন।

চলমান পাতা/০২

